সমকাল

তারিখ . 05 DEC 2016 ... ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১৮ ...

# কলেজে তালা



শ্রেণিকক্ষের সামনে দাঁড়িয়ে শিক্ষার্থীরা ■» সমকাল

■ আমিনুল ইসলাম খান রানা, *সিরাজগঞ্জ*

সিরাজগঞ্জ সদর উপজেলার রতনকান্দি ইউনিয়নে অবস্থিত কুড়িপাড়া কলেজের সব কক্ষে স্থানীয় ইউপি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতারা তালা ঝুলিয়ে দিয়েছেন। এতে বিপাকে পড়েছেন শিক্ষক ও শিক্ষার্থীরা। নন-এমপিওভুক্ত কলেজটিতে প্রিন্সিপাল নিয়োগকে কেন্দ্র করে এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে জানা গেছে। শনিবার সকালে সরেজমিনে কলেজে গেলে শিক্ষক ও শিক্ষার্থীরা এসব তথ্য জানান। কলেজের ইতিহাস বিভাগের প্রভাষক জহুরুল ইসলাম জানান, কলেজের প্রিন্সিপাল নিয়োগকে কেন্দ্র করে সৃষ্ট সমস্যার কারণে ২১ নভেম্বর সকালে কলেজ চলাকালে স্থানীয় রতনকান্দি ইউপি চেয়ারম্যান গোলাম মোস্তফা খোকন ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবদুল মুক্তাদির বকুল লোকজন নিয়ে কলেজে এসে অফিস কক্ষে তালা ঝুলিয়ে দেন। এর পর ২৬ নভেম্বর কলেজে এইচএসসি শিক্ষার্থীদের টেস্ট পরীক্ষা চলাকালে তাদের কক্ষ থেকে বের করে দিয়ে কলেজের সব কক্ষে তালা লাগিয়ে দেওয়া হয়। এ অবস্থায় এইচএসসির শিক্ষার্থীদের সাত বিষয়ের পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রবিউল করিম বলেন, ইউপি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতারা নিজেদের পছন্দের ব্যক্তিকে অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়ার জন্য পাঁয়তারা করছেন। ম্যানেজিং কমিটি ও কলেজের স্টাফরা বিষয়টির বিরোধিতা করার কারণে কলেজে তালা লাগিয়ে দেওয়া হয়েছে।